



গণ বিশ্ববিদ্যালয়
সভার, ঢাকা।

তারিখঃ ০৬/০৮/২০২২ খ্রিস্টাব্দ
২২/০৪/১৪২৯ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভর্তিকৃত নতুন শিক্ষার্থীদের বিভাগ পরিবর্তন এবং পুনঃভর্তির জন্য নিম্নোক্ত বিধান চালু রয়েছে:-

১. (ক) যদি কোন শিক্ষার্থী বিভাগ পরিবর্তন করতে চায় তাহলে তাকে ক্লাস শুরু হওয়ার ২১ দিনের মধ্যে বিভাগ পরিবর্তনের জন্য আবেদন করতে হবে।
(খ) সেমিস্টার ফাইনাল পরীক্ষার প্রকাশিত ফলাফলে যে সকল শিক্ষার্থী ডিটেইন্ড (Detained) হয়েছে তাদেরকে ফলাফল প্রকাশের দুই সপ্তাহের মধ্যে পুনঃভর্তির জন্য আবেদন করতে হবে।
উল্লেখ্য, একজন শিক্ষার্থী এক সেমিস্টারে সর্বোচ্চ ২ (দুই) বার এবং পুরো একাডেমিক শিক্ষাবর্ষের মোয়াদে ৩ (চার) বার পুনঃভর্তির সুযোগ পাবে।
২. বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে উভয় বিভাগের বিভাগীয় প্রধান/ডীন এর সুপারিশ এবং পুনঃভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/ডীন এর সুপারিশ লাগবে।
৩. উপরে বর্ণিত বিধান অনুযায়ী চলতি এপ্রিল (২০২১-২০২২) শিক্ষাবর্ষে বিভাগ পরিবর্তন ও পুনঃভর্তি হওয়ার আবেদনের সময় শেষ হয়েছে।
তবে ঈদুল আযহার ছুটি সহ অন্যান্য ছুটি থাকায় একাডেমিক কাউন্সিলের ভূতাপেক্ষ অনুমোদন সাপেক্ষে বিশেষ বিবেচনায় আগামী ১১/০৮/২০২২ ইং পর্যন্ত শুধুমাত্র পুনঃভর্তির তারিখ বর্ধিত করা হলো।
৪. বর্ধিত সময়ের পর পুনঃভর্তির কোন আবেদন গ্রহণ করা হবে না।

(এস, তাসাদেক আহমেদ)
রেজিস্ট্রার
গণ বিশ্ববিদ্যালয়।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে -

১. উপাচার্য (ভারপ্রাপ্ত), গণ বিশ্ববিদ্যালয়।
২. ট্রেজারার, গণ বিশ্ববিদ্যালয়।
৩. সকল অনুষদের ডীন, গণ বিশ্ববিদ্যালয়।
৪. সকল বিভাগীয় প্রধান, গণ বিশ্ববিদ্যালয়।
৫. পরিচালক (অর্থ ও হিসাব), গণ বিশ্ববিদ্যালয়।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), গণ বিশ্ববিদ্যালয়।
৭. সিনিয়র সহকারী রেজিস্ট্রার, গণ বিশ্ববিদ্যালয়।
৮. সিনিয়র প্রশাসনিক কর্মকর্তা, গণ বিশ্ববিদ্যালয়।
৯. প্রোগ্রামার, গণ বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে আপলোডের জন্য)।
১০. ভর্তি অফিস, গণ বিশ্ববিদ্যালয়।
১১. সক্ষম নোটিশ বোর্ড।
১২. অফিস নথি।